গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষণা প্রকল্প-প্রস্তাব আহবান।

সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ/প্রতিষ্ঠিত গবেষণা সংস্থা/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থা ও বিভিন্ন ক্ষেত্রে গবেষণা কাজে নিয়োজিত বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, তরুণ বিজ্ঞানীগণের নিকট থেকে "Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012)"-অনুযায়ী অনলাইনে (https://grant.most.gov.bd/en/services/most/special-research-grant) ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক নিম্নলিখিত ক্যাটাগরীতে বিশেষ গবেষণা অনুদানের লক্ষ্যে গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান করা যাচ্ছেঃ (i) জীব বিজ্ঞান (ii) ইঞ্জিনিয়ারিং এন্ড এপ্লাইড সায়েন্স (iii) পরিবেশ বিজ্ঞান (iv) ইন্টার ডিসিপ্লিনারী (v) মেডিক্যাল সায়েন্স ও (vi) ফিজিক্যাল সায়েন্স গ্রুপ।

০২। অনলাইনে প্রকল্প প্রস্তাব দাখিলের সময় নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করতে হবে:

ক. আবেদনকারীকে বিশেষ গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গাইডলাইনে উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;

খ. পরবর্তীতে গাইডলাইনে বর্ণিত শর্তের কোন পরিবর্তন হলে সেটিও আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে;

গ. একজন শিক্ষক/গবেষক/বিজ্ঞানী একের অধিক গবেষণা প্রকল্পের মুখ্য গবেষক (Prinipal Investigator-PI)/সহযোগী গবেষক (Assosiate Investigator-AI) হিসেবে আবেদন করতে পারবেন না;

ঘ. গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা, অভিজ্ঞতা ও পাবলিকেশন্স (মুখ্য গবেষকের ফার্স্ট অথর/করেস্পন্ডিং অথর হিসেবে আন্তর্জাতিক/জাতীয় মানসম্পন্ন/বিখ্যাত জার্নালে ন্যূনতম ৫টি প্রকাশনা/পেটেন্ট এবং সহযোগী গবেষকের আন্তর্জাতিক/জাতীয় মানসম্পন্ন/বিখ্যাত জার্নালে ন্যূনতম ৫টি প্রকাশনা/পেটেন্ট) থাকতে হবে;

ঙ. ইতোপূর্বে গবেষণা প্রকল্পে অনুদান পেয়ে থাকলে তার চূড়ান্ত প্রতিবেদন ও বিল/ভাউচার জমা না দিয়ে থাকলে বা এবস্ট্রাক্ট পেন্ডিং থাকলে তাঁর আবেদন বিবেচনা করা হবে না;

চ. যে সকল গবেষণা প্রকল্প কোন জার্নালে প্রকাশিত হয়েছে বা অন্য কোন উৎস থেকে প্রাপ্ত অর্থায়নের ভিত্তিতে গবেষণা প্রকল্প হিসেবে কাজ করা হয়েছে বা করা হচ্ছে সে বিষয়ে বিশেষ গবেষণা অনুদান প্রদান করা হয় না;

ছ. সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ/সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থার ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাব অনলাইনে নির্ধারিত লিংকে নির্ধারিত তারিখের মধ্যে সাবমিট করতে হবে;

জ. মুখ্য গবেষক ও সহযোগী গবেষক একই প্রতিষ্ঠানের হতে হবে। গবেষণা প্রকল্প চলাকালে মুখ্য গবেষক পরিবর্তন করা যাবে না এবং সহযোগী গবেষক ছাড়া আবেদন করতে পারবেন না।

০৩। প্রকল্প প্রস্তাব দাখিলের সময় নিম্নবর্ণিত তথ্যাদি ও ডকুমেন্ট প্রদান করতে হবেঃ

ক. মুখ্য গবেষক/সহযোগী গবেষক উভয়কে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের এনলিস্টেড গবেষক হতে হবে (গবেষক আইডি থাকতে হবে) এবং গবেষকের প্রোফাইল অবশ্যই হাল নাগাদ থাকতে হবে। প্রকল্প প্রস্তাব মূল্যায়নকালে প্রোফাইলের তথ্য ব্যবহৃত হবে।

খ. বিশেষ গবেষণা অনুদানের জন্য আবেদন কালে মুখ্য গবেষক অনলাইনে গবেষণা প্রকল্প সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি প্রদান করবেন এবং সহযোগী গবেষক বাছাই করবেন। সহযোগী গবেষক সম্মতি প্রদানের পর এবং অনলাইনে Mobile Financial Services (বিকাশ/নগদ/রকেট/ট্যাপ ইত্যাদি) এর মাধ্যমে আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা জমা প্রদান করে মুখ্য গবেষক কর্তৃপক্ষের প্রত্যয়নের জন্য প্রকল্প প্রস্তাব সাবমিট করতে পারবেন।

গ. প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভিসি/রেজিস্ট্রার, কলেজ, অন্যান্য সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে অধ্যক্ষ/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক) কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা/যাচাই-বাছাইপূর্বক প্রত্যয়ন করতে হবে। যেসব প্রতিষ্ঠান বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের সাথে অনলাইনে সংযুক্ত নয়, সে সব প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও নামাঙ্কিত সীলমোহর প্রদান করে নির্দেশিত ফরমেটে স্ক্যান করে আপলোড করতে হবে। সে সব প্রতিষ্ঠান অনলাইনে যুক্ত সে সব প্রতিষ্ঠান প্রধান বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনলাইনে লগ-ইন করে প্রত্যায়ন করবেন।

ঘ. কর্তৃপক্ষের প্রত্যয়নের পর মুখ্য গবেষক আবেদনপত্রের একসেট প্রিন্ট কপি ডাকযোগে বা কুরিয়ারের মাধ্যমে অধিশাখা-৯, কক্ষ নং- ৯১৭, ভবন নং- ০৬, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অবশ্যই ৭ (সাত) দিনের মধ্যে পৌঁছাতে হবে।

০৪। নিম্নলিখিত গবেষক/বিজ্ঞানীগণকে অগ্রাধিকার দেয়া হবেঃ

ক. যে সকল গবেষক রিনিউএবল এনার্জি, ফুড নিউট্রিশন সিকিউরিটি, ক্লাইমেট চেঞ্জ, এনভায়রনমেন্টাল সায়েন্স, ৪র্থ শিল্প বিপ্লব এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পসহ দেশের বর্তমান চাহিদার সঙ্গে সংগতিপূর্ণ গবেষণা প্রকল্প দাখিল করবেন;

খ. যে সকল গবেষক বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত প্রকল্প অনুদান এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ নিয়ে যৌথভাবে গবেষণা কর্ম পরিচালনা করছেন বা করবেন;

গ. ইতোপূর্বে যে সকল বিজ্ঞানী/গবেষকগণ এ অনুদান গ্রহণ করে গবেষণার ফলাফলের বিষয়ে প্রতিবেদন/রিপোর্ট/পেপার জাতীয় এবং আন্তর্জাতিক পত্রিকায় প্রকাশ করেছেন এবং পেটেন্ট প্রাপ্ত হয়েছেন;

ঘ. উদ্ভাবিত যন্ত্রপাতি/দ্রব্যের বাজারে প্রতিযোগিতামূলক যোগ্যতা রয়েছে এমন গবেষককে;

ঙ. যারা ইতোপূর্বে অনুদান গ্রহণ করে ফলপ্রসূ ও উৎসাহব্যঞ্জক কর্ম সম্পাদন করেছেন তাঁদের গবেষণা কর্মের ধারাবাহিকতা বজায় রাখার জন্য পুনরায় প্রকল্প দাখিল করেছেন;

চ. বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত গবেষণা কার্যক্রম যা দেশের আর্থ সামাজিক উন্নয়ন/দারিদ্র বিমোচন/নারী উন্নয়নে সহায়ক ফলাফল ধর্মী (result oriented) গবেষণা।

০৫। এ বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে আগামী ১০ জুন ২০২৪ তারিখ রাত ১২.০০ পর্যন্ত মুখ্য গবেষকদের আবেদন সাবমিটের জন্য লিংক একটিভ থাকবে এবং ১৩ জুন ২০২৪ তারিখ রাত ১২.০০ পর্যন্ত প্রতিষ্ঠান প্রধানগণের জন্য প্রত্যায়ন লিংক একটিভ থাকবে। অনলাইন সাবমিট করা হলেও পরবর্তী ৭ দিনের মধ্যে ডাকযোগে বা কুরিয়ারের মাধ্যমে প্রকল্প প্রস্তাবের একসেট প্রিন্ট কপি মন্ত্রণালয়ে পাওয়া না গেলে আবেদন পত্র বিবেচনায় নেয়া হবে না। বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত সকল তথ্য ও নোটিশ সম্পর্কে মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.most.gov.bd থেকে জানা যাবে। আবেদনকারী গবেষকগণ আইডিএসডিপি ড্যাশ বোর্ড/মন্ত্রণালয়ের ওয়েবসাইট-এ হালনাগাদ তথ্য পাবেন।

০৬। নির্ধারিত তারিখের পর গবেষণা প্রস্তাব সাবমিট করা যাবে না।

০৭। আবেদনপত্রে বর্ণিত প্রকল্পের মেরিট এবং গবেষক প্রোফাইলে বর্ণিত গবেষকগণের যোগ্যতা বিবেচনা করে, সততা, স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে স্বতন্ত্র পিয়ার রিভিউ কমিটির মাধ্যমে গবেষণা প্রস্তাব মূল্যায়ন করা হবে। যে কোন রকম তদবীর/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

০৮। গবেষণা প্রস্তাব গ্রহণ বা বাতিলের সকল ক্ষমতা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সংরক্ষণ করে।

বিদ্যুৎ চন্দ্র আইচ
যুগ্মসচিব
ফোনঃ ০২২২৩৩৫৬৫৩৯
ই-মেল: section9@most.gov.bd